

## চরাঞ্চলের নতুন কৃষি খাসজমি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে বন্দোবস্তের সিদ্ধান্ত

জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির এক সভায় পুনর্বাসিত ভূমিহীন পরিবারের ছেলেমেয়েদের লেখাপড়া ও দল চলা নতুন জেগে ওঠা চরাঞ্চলে কৃষি খাসজমি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে বন্দোবস্ত প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গত শনিবার জাতীয় কৃষি খাসজমি ব্যবস্থাপনা নির্বাহী কমিটির ১৪তম এ সভায় ভূমি মন্ত্রী এম শামসুল ইসলাম সভাপতিত্বে করেন।

সভায় উল্লেখ করা হয়, নতুন জেগে ওঠা চরাঞ্চলের স্থানীয় কৃষি খাসজমি হিসেবে বরাদ্দ করা হয়ে থাকে। কৃষি খাসজমি বন্দোবস্ত নীতিমালায় চরাঞ্চলের স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ নেওয়ার কোনো বিধান নেই। নীতিমালা মোতাবেক ওসব জেগে ওঠা চলে ভূমিহীনদের পুনর্বাসন করা হয়।

সভায় ভূমি মন্ত্রী এম শামসুল ইসলাম সরকারি খাসজমি যাতে সন্তোষজনক ভাবে পুনর্বাসিত করা যায় সেদিকে লক্ষ্য রাখার জন্যও কমিটির সদস্যদের নির্দেশ দেন। তিনি বলেন, সরকারের লক্ষ্য কৃষি খাসজমিতে ভূমিহীনদের পুনর্বাসনের মাধ্যমে তাদের জীবনযাত্রার মানোন্নয়ন করা।

কমিটির সদস্য ভূমি প্রতিমন্ত্রী উকিল আব্দুস সালাম জুজো, সংসদ সদস্য আব্দু ইউসুফ মোঃ হাফিজুর রহমান, হাজি মোঃ মোজাফ্ফেল হক, মিলদার হোসেন সৈয়দ, মোহাম্মদ হোসেন আলম, কৃষক প্রতিনিধি শামসুজ্জামান দুদু, ভূমি সচিব আজাদ রফিক আমিন, ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান শফিকুল হক, আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুল মতিন, সকল বিভাগীয় কমিশনার ও মহাপ্রাণের উপস্থিত কর্মকর্তারা সভায় উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।